



শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর



স্মারক নং-হাবিপ্রবি/ছাপনিবি/৭৪২

তারিখঃ ২৪/১১/২০২২

## বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর অবগতি ও অংশগ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ কর্তৃক “দূর্নীতি প্রতিরোধে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন” বিষয়ক আন্তঃহল বিতর্ক প্রতিযোগিতা-২০২২ এর আয়োজন করা হয়েছে, যা আগামী ১ ডিসেম্বর-২০২২ ইং, রোজ বৃহস্পতিবার হতে শুরু হতে যাচ্ছে। নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে দলের নাম আগামী ০৪-১২-২০২২ ইং তারিখ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে বলা হলো।

### প্রতিযোগিতার নিয়মাবলী নিম্নরূপঃ

- হাবিপ্রবিতে বর্তমানে অধ্যয়নরত একটি হল থেকে যে কোন শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত সর্বোচ্চ দুইটি দল সংসদীয় বিতর্ক প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। (অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিটি হলের আবাসিক এবং অনাবাসিক উভয় শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবেন। অনাবাসিক শিক্ষার্থীরা তাদের হল সংযুক্তি অনুযায়ী অংশগ্রহণ করতে পারবেন)
- সংসদীয় বিতর্কগুলো নক আউট পদ্ধতিতে হবে। বিতর্কের ম্যাচ আপ বিতর্ক শুরুর ৩০ মিনিট পূর্বে নিম্নোক্তভাবে প্রস্তুত করা হবেঃ
  - ১ম বিতর্কের জন্য লটারির মাধ্যমে দৈবভাবে ম্যাচ আপ প্রস্তুত করা হবে। লটারির মাধ্যমে সর্বপ্রথম যে দলটির নাম উঠবে সে দলটি সরকার দল এবং দ্বিতীয় বার যে দলটির নাম উঠবে সে দলটি-বিরোধী দল; এই দুটি দল প্রথম বিতর্কে পরস্পরের সাথে বিতর্ক করবে।
- ১ম বিতর্ক শেষে ৭ টি জয়ী দল এবং বিচারকদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বিজিত দলগুলোর মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত দলটি সহ মোট ৮ টি দল কোয়ার্টার ফাইনাল বিতর্ক করবে। এক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১ম VS ৮ম, ২য় VS ৭ম, ৩য় VS ৬ষ্ঠ, ৪র্থ VS ৫ম পরস্পর বিতর্ক করবে।
- কোয়ার্টার ফাইনাল পর্বের জয়ী দলগুলোর মধ্যে সেমিফাইনাল বিতর্ক অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ১ম VS ৪র্থ এবং ২য় VS ৩য় পরস্পর বিতর্ক করবে।
- কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল ও ফাইনাল বিতর্কের সরকার ও বিরোধী দল বিতর্ক শুরুর ৩০ মিনিট পূর্বে টসের মাধ্যমে নির্ধারণ করা হবে।
- ১ম বিতর্ক, কোয়ার্টার ফাইনাল এবং সেমিফাইনাল পর্বের বিতর্কগুলো ০৯/১২/২০২২ তারিখ (শুক্রবার) সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।
- ফাইনাল বিতর্কটি ১০/১২/২০২২ তারিখ (শনিবার) বিকাল ৩ টায় অনুষ্ঠিত হবে।
- ১ম বিতর্ক ও কোয়ার্টার ফাইনাল পর্বের বিতর্কের বিষয় ০৮/১২/২০২২ তারিখ রাত ৮ টার মধ্যে বিতর্কিকদের জানিয়ে দেওয়া হবে। সেমিফাইনাল ও ফাইনাল বিতর্কের বিষয় বিতর্ক শুরুর ১ ঘণ্টা পূর্বে জানিয়ে দেওয়া হবে।
- আগ্রহী শিক্ষার্থীদের হল সুপার কর্তৃক সুপারিশকৃত টিমের নাম আগামী ২৮/১১/২০২২ হতে ০৪/১২/২০২২ তারিখ (প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ০৩:৩০ টা) পর্যন্ত ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগে জমাদানের জন্য বলা হলো।

ধন্যবাদান্তে

(প্রফেসর ড. ইমরান পারভেজ)

পরিচালক, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ

হাবিপ্রবি, দিনাজপুর

### অনুলিপিঃ

- ডীন, সকল অনুযদ, (প্রচারের অনুরোধসহ), হাবিপ্রবি, দিনাজপুর।
- সকল হল সুপার (প্রচারের অনুরোধসহ), হাবিপ্রবি, দিনাজপুর।
- কোর্ডিনেটর, আইটিসেল (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
- অফিস কপি